# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়
## জেলা: চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org
e-mail: chuadangapourasava@lgd.gov.bd

## টিএলসিসির (১৭ তম) সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা    তারিখঃ ২৪-০৯-২০২৫ ইং    সময়ঃ বিকাল ৩.৩০ ঘটিকা

স্থান ঃ পৌরসভা মিলণায়তন

আলোচ্যসূচীঃ- টিএলসিসির উদ্দেশ্য ও কার্য-বিধির আলোকে পূর্ব-নির্ধারিত বিষয় বস্তুর উপর আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহনঃ

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১ বিগত ইং ২৯-০৬-২০২৫ তারিখে অনুষ্ঠিত শহর সমন্বয় কমিটির(TLCC)সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভার শুরুতে সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এস এম রেজাউল করিম, পৌর নির্বাহী কর্মকর্তা ও সদস্য-সচিব,শহর সমন্বয় কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা অদ্যকার সভার কার্যক্রম শুরু করেন।<br><br>সভায় সম্মানিত সভাপতি জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা উপস্থিত সকলকে সদস্যগনকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি বলেন পৌরসভার সার্বিক উন্নয়নের জন্য আপনারা আমাদেরকে সহযোগিতা করেছেন তার জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। তিনি পৌর এলাকায় ডেঙ্গু মশার ভয়াবহতা থেকে রক্ষা পেতে সবাইকে স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেন।<br><br>অতপর সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা ও সদস্য-সচিব,TLCC চুয়াডাঙ্গা পৌরসভা বিগত ইং ২৯-০৬-২০২৫ অনুষ্ঠিত ১৬তম সভার কার্যবিবরণী পাঠ করেন। এরপর TLCC সভার সম্মানিত সদস্যবৃন্দ সভায় কার্যবিবরণী নিয়ে পর্যালোচনা করেন এবং কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br><br>সম্মানিত সভাপতি মহোদয় সভায় উপস্থিত কমিটির সকল সদস্যকে পৌরসভার পক্ষ হতে আবারো ধন্যবাদ জ্ঞাপন করেন ও পৌরসভার উন্নয়নে পৌরবাসীর সার্বিক সহায়তা কামনা করেন । | ক) সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্রসভা সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন।<br><br>খ) TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br>গ) আগামী ৩১/১২/২০২৫ তারিখের মধ্যে TLCC-র সভা আহবান করা।<br><br>ঘ) সভার কার্যবিবরণী তৈরী ও বিতরণ এবং যথা সময়ে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করা হবে।<br><br>ঙ) পর পর তিনটি সভায় উপস্থিত না থাকলে সদস্য পদ বাতিল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হল। | প্রশাসক/পৌর পরিষদ/ সদস্য সচিব | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-২ শহর সমন্বয় কমিটি (TLCC) গঠন ও কার্যকর রাখা (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ১১৫ধারা)। | আলোচনায় অংশ নিয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম ও সদস্য-সচিব, শহর সমন্বয় কমিটি (TLCC), চুয়াডাঙ্গা পৌরসভা জানান যে, পৌরসভার আইন, ২০০৯ এর ১১৫ ধারা অনুযায়ী গত সভার সিদ্ধান্ত অনুযায়ী শহর সমন্বয় কমিটি পূণ:গঠন আলোচনা হয়। তিনি আরো বলেন কোন সদস্য যদি পরপর তিনটি সভায় অনুপস্থিত থাকেন তাহলে তার সদস্য পদ বাতিল হয়ে যাবে। ত্রৈমাসিক ভিত্তিতে সভা করা এবং সভার ০৭ (সাত) দিন পূর্বে নোটিশ জারী করার বিধান রয়েছে। এছাড়া প্রতিটি সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | ক. যথা নিয়মে TLCC গঠন করায় অত্রসভা প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>খ. নিয়মিত সভা করার জন্য সুপারিশ করা হল।<br>গ. সভায় সকল সদস্যগণের উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার সুপারিশ করা হল। | প্রশাসক/পৌর পরিষদ/ সদস্য সচিব | |
| বিষয়:-৩ WC গঠন ও কার্যকর রাখা (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ১৪ ধারা) | গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভার ওয়ার্ড (WC) কমিটি পূণ:গঠন করা হয়। আলোচনা কালে (WC) কমিটির সদস্য সচিব ও সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, চুয়াডাঙ্গা পৌরসভা জানান যে, WCকমিটির সভা সমূহ ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত করা হয়। | ক. যথা নিয়মে WC কমিটি গঠন করায় অত্রসভা প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>খ. ত্রৈমাসিক ভিত্তিতে WC-র সভা সম্পন্ন করা এবং সভায় কার্যবিবরণী প্রস্তুত করে যথা সময়ে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করার সুপারিশকরা হয়। | সভাপতি, WC কমিটি/সদস্য সচিব | |
| বিষয়:-৪ নাগরিক সনদ প্রণয়ন ও বাস্তবায়ন (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ৫৩ ধারা) | নাগরিক সনদ(CC) সিটিজেন চার্টার প্রণয়ন ও বাস্তবায়ন নিয়ে আলোচনা কালে TLCC সদস্য সচিব ও পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন যে, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের পত্র মোতাবেক পৌর আইন ও বিধি সাপেক্ষে নাগরিক সনদের প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্ধন/হালনাগাদ করার নির্দেশনা রয়েছে। TLCC সদস্য জনাব সিরাজুল ইসলাম মনি, পৌরসভা চত্বরে হালনাগাদ সিটিজেন চার্টার স্থাপন সহ আরো ০৫টি স্থানে যথা- ডিসি অফিস, বড় বাজার, সদর হাসপাতাল, বাস টার্মিনাল ও শ্মশান মোড়ে নাগরিক সনদ স্থাপন করার প্রস্তাব করেন। | ক. নাগরিক সনদ হালনাগাদ করার সুপারিশ কার হল ।<br>খ. পৌরসভা চত্বরে হালনাগাদ সিটিজেন চার্টার স্থাপন সহ আরো ০৫টি স্থানে যথা-ডিসি অফিস, বড় বাজার, সদর হাসপাতাল, বাস টার্মিনাল ও শ্বশান মোড়ে সিটিজেন চার্টার স্থাপন করার সুপারিশ কার হল। | পৌর নির্বাহী কর্মকর্তা | প্রতি বছর |
| বিষয়:-৫ স্থায়ী (STC)কমিটি গঠন ও কার্যকর রাখা (সুত্রঃ পৌরসভা আইন-২০০৯ এর ৫৫ধারা)। | গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভা আইন ২০০৯ এর ৫৫ ধারা অনুযায়ী অত্র পৌরসভার স্থায়ী (STC) কমিটি পূণ:গঠন করা হয়। আলোচনা কালে (STC) কমিটির সদস্য সচিবগণ জানান যে, STC কমিটির সভা সমূহ সঠিক সময়ে করা হয় এবং সভার সিদ্ধান্ত সমূহ আলোচনার জন্য TLCC ও পরিষদের মাসিক-সভায় উপস্থাপন করা হয়। আলোচনান্তে গুরুত্বপূর্ণ সমস্যাগুলো চিহ্নিত করে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া যথা নিয়মে STCকমিটি গঠন করায় অত্র সভা প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক সভার সিদ্ধান্ত সমূহ আলোচনার জন্য TLCC ও পরিষদের মাসিক-সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হল।<br>খ. ত্রৈমাসিক ভিত্তিতে STC-এর সভা সম্পন্ন করা এবং সভায় কার্যবিবরণী প্রস্তুত করে যথা সময়ে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করা হয়। | সভাপতি,STC কমিটি/সদস্য সচিব | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-৬ তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (IGRC) গঠন ও কার্যকর রাখা বিষয়ে আলোচনা। | তথ্য ও অভিযোগ প্রতিকার সেল নিয়ে আলোচনা কালে কমিটির আহবায়ক জনাব মাসুদুর রহমান সরকার TLCC সদস্য ও উপ-পরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বলেন যে, পৌরসভার প্রবেশ দ্বারে একটি অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে এবং কোন অভিযোগ জমা পড়লে প্রাপ্ত অভিযোগ গুলি রেজিষ্টারে সংরক্ষণ করা হয় এবং অভিযোগ সমূহের বিবরণ TLCC ও পৌর পরিষদের মাসিক সভায় আলোচনা করা হয়। তিনি আরো বলেন ২০২৫-২০২৬ অর্থ বছরে ১ম কোয়ার্টারে মোট ৩৯টি অভিযোগ পাওয়া যায়। তন্মধ্যে পুরুষ অভিযোগ ২৯টি এবং মহিলা অভিযোগ ১০টি, তন্মধ্যে নিষ্পত্তি হয়েছে ৩৯টি। নিষ্পত্তির হার ১০০%। | ক. সকল অভিযোগ যথা সময়ে রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয় এবং এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ. IGRC কমিটি অভিযোগ বিবেচনায় নিয়ে উভয় পক্ষের শুনানী গ্রহনান্তে নিষ্পত্তি করা হয় এবং এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ. মাসিক ভিত্তিতে IGRC -র সভা সম্পন্ন করা এবং সভায় কার্য বিবরণী প্রস্তুত করে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করা।<br>ঘ. প্রতি ১৫ দিন পর পর প্রধান নির্বাহী কর্মকর্তার উপস্থিতিতে অভিযোগ বক্স খোলার সিদ্ধান্ত গৃহিত হল। | সভাপতি/সদস্য সচিবIGRC কমিটি | ৩ মাস |
| বিষয়:-৭ পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন। | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাকালে সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, ০৫ (পাঁচ) বছরের জন্য (২০২৩-২০২৮) পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন করা হয়েছে। তিনি আরো জানান নতুন প্রকল্প গ্রহন করার সময় প্রকল্প সমূহ টিএলসিসির সভায় উপস্থাপন পূর্বক (PDP) তে সংযোগ করা হয়। আলোচনায় অংশ নিয়ে কমিটির সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম মনি- পৌরসভার উন্নয়ন পরিকল্পনা (PDP) যথাসময়ে প্রস্তুত এবং এরই ধারা বাহিকতায় উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হওয়ায় পৌরসভাকে সাধুবাদ জানান। | ক. পৌরসভার জন্য ০৫ (পাঁচ) বছরের উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন সংশোধন কাজ সমাপ্ত হয়েছে এবং TLCC-র সভায় সুপারিশ গ্রহনের পর পৌর পরিষদে অনুমোদিত হয়েছে।<br>খ. পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) অনুযায়ী পৌরসভার উন্নয়ন কর্মকান্ড অব্যাহত রাখা।<br>গ. ২০২৫-২০২৬ অর্থ বছরে গৃহিত উন্নয়ন মূলক পরিকল্পনা (PDP) ১০০% বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী | ৩ মাস |
| বিষয়:-৮ মাস্টার প্ল্যান প্রণয়ন ও মাস্টার প্ল্যান অনুসরণ করে কার্যক্রম বাস্তবায়ন করা। | পৌরসভার মাস্টার প্ল্যান বিষয়ে আলোচনাকালে অত্র পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব হাফিজুর রহমান বলেন যে, পৌরসভার মাস্টার প্ল্যান প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। আলোচনাকালে তিনি আরো জানান যে, পৌরসভা উন্নয়ন পরিকল্পনায় মাস্টার প্ল্যান কার্যকর হলে পৌরসভার সৌন্দর্য্য বৃদ্ধি পাবে। পৌরসভায় মাস্টার প্ল্যান প্রণয়ন কার্যক্রম শুরু হওয়ায় সকল সদস্যগণ পৌরসভাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক. পৌরসভার সকল উন্নয়ন কার্যক্রম মাস্টার প্ল্যান অনুযায়ী করার সুপারিশ করা হল।<br>খ. স্থায়ীকমিটির সভায় আলোচনা করা।<br>গ. প্রতি TLCC-র সভায় কার্যক্রম সম্পর্কে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-৯পৌরসভার উন্নয়ন কার্যক্রম। | পৌরসভার উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন করার বিষয়ে আলোচনাকালে শহর পরিকল্পনা ইউনিট (TPU) কমিটির সভাপতি মহোদয় সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে সরকারি উন্নয়ন তহবিল ও রাজস্ব তহবিল হতে মোট ৩,০২,৮০,০৪৩/-টাকা উন্নয় কাজে বরাদ্দ রয়েছে। উক্ত উন্নয়ন কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটি তদারকি করেন। কমিটির সদস্য সচিব সহকারী প্রকৌশলী জনাব হাফিজুর রহমান কাওছার জানান যে, উন্নয়নকাজ চলমান আছে। সমাপ্তির হার ২৫%। IUGIP প্রকল্পের কাজের প্রতিবেদন চলমান। কোভিট-১৯ প্রকল্পের ৩.০৯ কোটি টাকার কাজের অগ্রগতি ১০০%, RUTDP প্রকল্পের ২০ কোটি টাকার কাজের টেন্ডার প্রক্রিয়া চলমান।<br><br>আলোচনায় অংশ নিয়ে TLCC এর সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম মনি বলেন যে, আমাদের টেকসই উন্নয়ন করতে হবে। জরুরী ভিত্তিতে ক্ষতি গ্রস্থ রাস্তা সমূহ সংস্কার করা এবং ড্রেনের উপর স্লাব নির্মাণ করার জন্য পুণরায় অনুরোধ করেন এবং প্রকল্পের কাজের গুনগত মান ভালো থাকায় সন্তোষ প্রকাশ করেন। উল্লেখিত উন্নয়ন কাজ চলমান থাকায় অত্র সভা পৌরকর্তৃপকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ক. ক্ষতিগ্রস্থ রাস্তা/ড্রেন সমুহ দ্রুত মেরামত করার সুপারিশ হয়।<br>খ. পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে পৌর মার্কেট নির্মাণের সুপারিশ করা হয়।<br>গ. IUGIP প্রকল্পের আওতায় পানি সরবরাহ প্রকল্পটি দ্রুত চালু করার সুপারিশ করা হয়। | সহকারী/ উপ-সহকারী প্রকৌশলী/উন্নয়ন বাস্তবায়ন কমিটি | ৩ মাস |
| বিষয়:-১০ পৌরসভার ইমারত নির্মাণ/পূন:নির্মাণ ও ভূমি উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ সম্পর্কে আলোচনা। | পৌরসভার ইমারত নির্মাণ/পূন:নির্মাণ ও ভূমি উন্নয়ন কার্যক্রমে নিয়ন্ত্রণ সম্পর্কে আলোচনা কালে পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির বলেন যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের জুলাই-সেপ্টেম্বর-২০২৫ পর্যন্ত দাখিলকৃত আবেদনের সংখ্যা ৩৯টি তন্মধ্য নক্সা অনুমোদন করা হয়েছে ২৪টি, যার বিপরীতে ১২,৪৩,২১১/-টাকা আদায় করা হয়েছে। | ক. অবৈধ ইমারত নির্মাণকারীগণকে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ. পৌরসভায় মোট অনুমোদিত ইমারতের সংখ্যা পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি/সদস্য সচিব নক্সা অনুমোদন কমিটি | ৩ মাস |
| বিষয়:-১১ জেন্ডার সমতা ও সামাজিক অর্ন্তভুক্তিকরণ কর্মপরিকল্পনা (GESIAP) বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটিরসভাপতি জনাব মাকসুরা জান্নাত, জেন্ডার সমতা ও সামাজিক অর্ন্তভুক্তিকরণ কর্মপরিকল্পনা (GESIAP) বাস্তবায়ন নিয়ে আলোচনা কালে সভাকে জানান ২০২৫-২০২৬ অর্থ বছরে (GESIAP) বাস্তবায়নের জন্য রাজস্ব বাজেটের ১% বাবদ ১৩,৮২,২০০/=টাকা বরাদ্ধ রাখা হয়েছে। TLCC সদস্যবৃন্দ কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করে সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। উক্ত কর্মপরিকল্পনাটি পৌর পরিষদে অনুমোনের জন্য ২৫/০৯/২০২৪ তারিখের সভায় উত্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। জুলাই-সেপ্টেম্বর-২০২৫ ১ম কোয়ার্টারে কোন অর্থ ব্যয় করা হয়নি। | ক. নিয়মিত সভা করা এবং সভার কার্যবিবরনী প্রস্তুত করে সদস্যদের মাঝে বিতরণ করা ও যথাসময়ে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়েপ্রেরণ করা।<br>খ. GESIAP বাস্তবায়নের জন্য বার্ষিক বাজেটের ১% ব্যয় করা।<br>গ. ব্যয়ের ৫০% দরিদ্র নারীদের জীবিকা উন্নয়নে ব্যবহার।<br>ঘ. ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়েছে।<br>ঙ. GESIAP বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ। | প্রশাসক/সভাপতি/সদস্য-সচিব, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি। | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১২ দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | দারিদ্র্য নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ মাসুদুর রহমান সরকার, বলেন দারিদ্র্য নিরসন ও বস্তি উন্নয়ন কর্মপরিকল্পনা (PRAP) বাস্তবায়নের লক্ষে রাজস্ব বাজেটের ১% বাবদ ১৩৮২২০০/=টাকা বরাদ্ধ রাখা হয়েছে। এছাড়াও তিনি অত্র সভায় (PRAP) বাস্তবায়নের জন্য বার্ষিক কর্মপরিকল্পনা প্রনয়ন করা হয়েছে বলে জানান এবং কর্মপরিকল্পনা সভায় তুলে ধরেন। সভায় TLCC সদস্যবৃন্দ কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করে সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। উক্ত কর্মপরিকল্পনাটি পৌর পরিষদে অনুমোনের জন্য ২৫/০৯/২০২৪ তারিখের সভায় উত্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>তন্মধ্যে ১ম কোয়ার্টারে ব্যয় ২২,২৩১/-টাকা<br>**ব্যয়ের বিবরণী নিম্নরুপঃ-**<br>১. বিশুদ্ধ পানি সরবরাহ বাবদ ব্যয় ২২,২৩১/- টাকা | ক.২০২৫-২০২৬অর্থ বছরের বাজেট বরাদ্দ অনুযায়ী দারিদ্র হ্রাস করন কর্মপরিকল্পনা অনুমোদন বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ. ব্যয়ের ৫০% দরিদ্র ব্যাক্তিদের জীবিকা উন্নয়নে ব্যয় করার সুপারিশ করা হয়। | প্রশাসক/সভাপতি/সদস্য-সচিব, দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। | ৩মাস |
| বিষয়:-১৩ হিসাব ও নিরীক্ষা স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্রঃ পৌরসভা আইন/২০০৯-এর ৫৫ ধারা)। | হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব জেসমিন আরা খাতুন বলেন পৌরসভা আইন/২০০৯-এর ৫৫ ধারা অনুযায়ী প্রতি অর্থ বছর শেষে হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করার বিধান রয়েছে তারই ধারাবাহিকতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের অভ্যান্তরীন নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং ২০২৫-২০২৬ অর্থ বছরে গত ২১.০৯.২০২৫ তারিখে হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় আভ্যন্তরীন নিরীক্ষা সর্ম্পকে বিস্তারিত আলোচনা করা হয়। নিরীক্ষার প্রতিবেদনে কোন আপত্তি না থাকায় সঠিক আছে বলে টিএলসিসি সভাতে সুপারিশ করেন। টিএলসিসির সদস্যবৃন্দর সর্বসম্মতিক্রমে আভ্যন্তরীন নিরীক্ষার আপত্তিসমূহ প্রস্তুত করে নিস্পত্তি করার জন্য পৌর পরিষদে উপস্থাপনের জন্য সুপারিশ গৃহীত হয়। | ক. পরবর্তী সভা যথা সময়ে অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ. ত্রৈমাসিক হিসাব ও ব্যয়ের বিবরণী প্রস্তুত করা।<br>গ. পৌর পরিষদে আভ্যন্তরীন নিরীক্ষার আপত্তিসমূহ প্রস্তুত করেনিস্পত্তিকরার জন্য উপস্থাপন ও প্রতিবেদন যথা সময়ে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করা। | সভাপতি/হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩ মাস |
| বিষয়:-১৪ হোল্ডিং ট্যাক্স-এর মাধ্যমে রাজস্ব আহরণ ও অন্তর্বর্তীকালীণ কর নির্ধারণ। | আলোচনার শুরুতে অত্র পৌরসভারকর নির্ধারক জনাব জাহাঙ্গীর আলম জানান যে, বর্তমানে পৌরসভা মোট হোল্ডিং সংখ্যা ১৮৭৩৬টি। তার মধ্যে সরকারী হোল্ডিং সংখ্যা ১৭১টি এবং বেসরকারী হোল্ডিং সংখ্যা ১৮৫৬৫টি। ২০২৫-২০২৬ অর্থ বছরের পৌর করের মোটদাবী ৮,৪৩,৬৩,৩৯৮/-টাকা। তার মধ্যে হাল দাবী ৬,২২,৫৩,৪৪৭/-টাকা এবং বকেয়া দাবী ২,২১,০৯,৯৫১/-টাকা। ১ম কোয়ার্টারে হাল আদায় ২০,৭৮,৬৫১/-টাকা এবং বকেয়া আদায় ৯,৮৪,২৪৩/-টাকা। মোট আদায় ৩০,৬২,৮৯৪/-টাকা।<br>অন্তর্বতী কর নির্ধারন বিষয়ে পৌরসভার কর নির্ধারক আরো বলেন যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে ১ম কোয়ার্টারে নির্মিত হোল্ডিং সংখ্যা ৫১টি, ধার্য্যকৃত পৌরকর ১,৬৪,৫৫০/-টাকা, বর্ধিত অংশ ১৬টি, ধার্য্যকৃত পৌরকর ৩,৩৭,০০০/-টাকা।<br>সভাপতি জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন যে, আপনাদের সহযোগিতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের ১ম কোয়ার্টারে পৌর কর আদায়ের হার সন্তোষজনক হয়েছে এবং কর বৃদ্ধির জন্য আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি। | ক. সভার সিদ্ধান্ত মোতাবেক আদায় বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট কাউন্সিলরদের সহযোগিতায় পৌর এলাকায় ওয়ার্ড ভিত্তিক মাইকিং ও ক্যাম্পেইন করা।<br>খ. কর খেলাপিদের নোটিশ প্রদান এবং মহল্লায় মহল্লায় টিম প্রেরনের মাধ্যমে পৌরকর আদায়।<br>গ. উঠান বৈঠক ও WC বৈঠকে কর আদায় বিষয়ে আলোচনা করা।<br>ঘ. অন্তর্বর্তী কালীন পৌর কর নির্ধারনে গতিশীল করার লক্ষ্যে শক্তিশালী একটি টীম গঠম করে নিয়মিত কার্যক্রম অব্যহত রাখা।<br>ঙ. সকল বিভাগ থেকে জনবল নিয়ে শক্তিশালী বকেয়া কর আদায় টীম গঠন করা এবং কার্যক্রম অব্যাহত রাখা। | প্রশাসক/পৌরপরিষদ/সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ/কর শাখা /WC কমিটি/ TLCC -র সদস্যবৃন্দ | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১৫ পরোক্ষ কর এবং ফি-এর মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যতীত)। | পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন যে, পৌরসভার নন-টাক্স খাতে ২০২৫-২০২৬ অর্থ বছরের মোট দাবী ৬,২৮,৮০,০০০/-টাকা। ১ম কোয়ার্টারে আদায় ১,২৮,৪৩,৯৩১/-টাকা আয় হয়েছে।<br><br>***দোকান ভাড়া:-** অত্র পৌরসভার বাজার পরিদর্শক (ভাঃ প্রাপ্ত) জনাব নার্গিস জাহান বলেন যে, পৌর মার্কেটের দোকান সংখ্যা ৯০টি। ২০২৫-২০২৬ অর্থ বছরে বকেয়াদাবীর পরিমাণ ৩৮,১৭৫/-টাকা এবং হাল দাবীর পরিমাণ ৬,১৫,৯৭৫/-টাকা। বকেয়াসহ মোট দাবীর পরিমাণ ৬,৫৪,১৫০/-টাকা। ১ম কোয়ার্টারে বকেয়াসহ মোট আদায়ের পরিমাণ ১,০৭,৫০০/-টাকা।<br>***ট্রেড লাইসেন্স:-** ২০২৫-২০২৬ অর্থ বছরে ৩৭৫৫টি ট্রেড লাইসেন্স প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরে হাল দাবী ০০/-টাকা, বকেয়া দাবী ০০/-টাকা। ২০২৫-২০২৬ অর্থ বছরে বকেয়াসহ মোট দাবীর পরিমাণ ৯০,০০,০০০/-টাকা। ১ম কোয়ার্টারে ১৭৭৫টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে, যার বিপরীতে বকেয়াসহ ৫৯,৯৯,৩১৮/-টাকা আদায় করা হয়েছে।<br><br>***অটো-রিক্সা বাবদ:-** ২০২৫-২০২৬ অর্থ বছরে অটো-রিক্সা চলাচলের ক্ষেত্রে টিএলসিসি'র ত্রৈমাসিক সভায় কোন সিদ্ধান্ত না থাকায় অনিবার্যকারণবশত পৌর এলাকার মধ্যে অটো-রিক্সার অনুমতি পত্র প্রদান করা সম্ভব হয়নি। তবে পৌরপরিষদের মাসিক সভায় সিদ্ধান্ত গ্রহন পূর্বক অটো-রিক্সার অনুমতি পত্র প্রদান করার জন্য সুপারিশ করা হল।***হাট-বাজার ইজারা বাবদ:-** ২০২৫-২০২৬ অর্থ বছরে (১৪৩২ বঙ্গাব্দ) মোট দাবী ২৪,৩৮,৬০০/-টাকা এবং মোট আদায় ২৪,৩৮,৬০০/-টাকা। কোন বকেয়া না থাকায় সভায় সন্তোশ প্রকাশ করা হয়।<br><br>***অন্যান্য ইজারা বাবদ:-**২০২৫-২০২৬ অর্থ বছরে (১৪৩২ বঙ্গাব্দ) মোট দাবী ১০,৩২,০০০/-টাকা এবং মোট আদায় ১০,৩২,০০০/- টাকা।<br><br>***ভূমি উন্নয়ন কর (২% হারে):-** ২০২৫-২০২৬ অর্থ বছরে ভূমি উন্নয়ন কর(২% হারে) বাবদ ১ম কোয়ার্টারে আদায়ের পরিমাণ ৪৮,৬৮,৩২৭/-টাকা।<br><br>*বিবিধ:- ২০২৫-২০২৬ অর্থ বছরে বিবিধ আয় বাবদ ১ম কোয়ার্টারে আদায়ের পরিমাণ ৪৮,৬৮,৩২৭/-টাকা। | ক. নন-টাক্স খাতে রাজস্ব আয় বাড়ানোর জন্য আয়ের খাত চিহ্নিত করার জন্য পৌর পরিষদকে অনুরোধ করা হয়।<br><br>খ. পৌর সভার নিজস্ব দোকান সমূহের চুক্তিপত্র নবায়নের জন্য পত্র প্রেরন।<br>গ. ২০২৫-২০২৬ অর্থ বছর হতে ভাড়া বৃদ্ধি করার জন্য সুপারিশ করা হল ।<br><br>ঘ. পৌর স্বার্থে হাট-ইজারার বকেয়া অর্থ আদায় করার জন্য মেয়র মহোদয়কে সর্বম্মতিক্রমে সুপারিশ করা হয়।<br><br>ঙ. ট্রেড লাইসেন্স আয় বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সুপারিশ করা হয়।<br><br>গ. চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে হতে পৌর এলাকায় ইবাইক চলাচলের অনুমতি পত্র এবং অটো রিক্সা-ভ্যানের লাইসেন্স প্রদানে অধিক গুরুত্ব দেয়ার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা/লাইসেন্স পরিদর্শক/বাজার পরিদর্শক | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১৬ কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটরের মাধ্যমে বিল বিতারণ। | কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন বিষয়ে আলোচনাকালে কর নির্ধারক জনাব জাহাঙ্গীর আলম সভাকে জানান যে, ১ম কোয়ার্টারে ১৮৭৩৬টি ট্যাক্স বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়। যার মধ্যে ৬৭১৭ করেন। জন গ্রাহক পৌরকর পরিশোধ করেছেন।<br><br>তিনি আরো জানান পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে প্রশাসক মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়। প্রশাসক মহোদয় সম্মানিত সদস্যবৃন্দদেরকে পৌরকর আদায়ের হার আরো বৃদ্ধির জন্য আন্তরিক হওয়ার অনুরোধ জানান। | ক. কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা এবংকম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br><br>খ. পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে প্রশাসক মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।<br><br>গ. আদায় প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরনের সিদ্ধান্ত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা/কর আদায়কারী | ৩ মাস |
| বিষয়:-১৭ পানির শুল্ক নির্ধারণ ও আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা। | পানির শুল্ক নির্ধারণ ও আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনাকালে উপ-সহকারী প্রকৌশলী (পানি) জনাব আনিছুজ্জামান সভাকে জানান যে, পৌরসভায় ২০২৫-২০২৬ অর্থ বছরে মোট পানির সংযোগ সংখ্যা ৭৯১০টি এবং মোট দাবীর পরিমাণ ২,৭৪,৮৯,৮৮৩/- টাকা ও বকেয়া দাবীর পরিমান ২৬,৯৯,৮৭৮/- টাকা। ১ম কোয়ার্টারেআদায়ের পরিমান ৬২,০০,৮০২/-টাকা।<br><br>তিনি আরো বলেন যে, বকেয়া কর আদায়ে টীম গঠন করা হয়েছে এবং সেই সাথে সংযোগ বিচ্ছিন্ন অব্যাহত আছে। | ক. বকেয়া পানির বিল গ্রাহকদের বিরুদ্ধে লাইন কর্তন এবং বকেয়া বিল আদায়ে টিম গঠন করে অভিযান অব্যহত রাখা।<br><br>খ. যথা সময়ে পানির বিল পরিশোধ করার জন্য তাগিত পত্র প্রদান অব্যাহত রাখা।<br><br>গ. ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট চালু রাখা।<br><br>ঘ. মিটার ব্যবস্থা সচল রাখা ও পানির অপচয় রোধ করা। | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী | ৩ মাস |
| বিষয়:১৮ সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্রঃ পৌরসভা আইন/২০০৯-এর ৫৫ ধারা)। | গত ২২-০৬-২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব ডাঃ সাজ্জাৎ হাসান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতি মহোদয় বলেন যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে বাজেট প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে। প্রস্তাবিত বাজেট সর্বমোট: ৭২,৯৩,২৪,৮২৬.৮৮ টাকা।<br><br>আলোচনায় অংশ নিয়ে অন্যান্য সম্মানিত সদস্যবৃন্দ পৌরকর বৃদ্ধি না করে বাজেট প্রণয়ন করায় প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জনান। | ক. বাজেট পরিকল্পনা অনুযায়ী সকল আয় ও ব্যয় যথাযথভাবে অনুসরণ করা।<br><br>খ. প্রয়োজন অনুসারে জনবল নিয়োগ করা।<br><br>গ. অপ্রয়োজনীয় ব্যয় রোধ করা। | সভাপতি/পৌর নির্বাহী কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা | প্রতি বছর |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়:-১৯ কম্পিউটার ভিত্তিক হিসাব ব্যবস্থার প্রবর্তন ও কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন তৈরী করুন। | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন বিষয়ে আলোচনা কালে পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে, প্রতি মাসের কম্পিউটারাইজড হিসাব প্রতিবেদন প্রস্তুত করা হয়। Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা হয় এবং ইং প্রতি মাসের ৫ তারিখের মধ্যে PMO তে প্রেরণ করা হয়। সভায় হিসাব শাখার কার্যক্রমে সন্তোষ প্রকাশ করা হয়। | ক. প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করা।<br>খ. প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন এবং যথা সময়ে প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা/হিসাব রক্ষক | প্রতি মাস |
| বিষয়:-২০ কর্মকর্তা/কমচারীদের বেতন-ভাতা, বিদ্যুৎ ও টেলিফোন বিল এবং ঋণ পরিশোধ বিষয়ে আলোচনা। | আলোচনাকালে অত্র পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব রিয়াজুল ইসলাস জানান যে, বর্তমানে পৌরসভার সেপ্টেম্বর/২৫ পর্যন্ত কর্মকর্তা/কমচারীদের বেতন-ভাতা সম্পূর্ণ পরিশোধ করা হয়েছে।<br><br>* **বিদ্যুৎ বিল:** বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত বিষয়ে সহকারী প্রকৌশলী মহোদয় সভাকে জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে সড়ক বাতি বাবদ ১ম কোয়ার্টারে বিদ্যুৎ বিলের পরিমাণ ৯,১৪,৯৪৫/-টাকা, ২য় কোয়ার্টারে বিদ্যুৎ বিলের পরিমাণ ৫৭,৭৩,৮৪৩/-টাকা, সম্পূর্ণ পরিশোধ করা হয়েছে। ৩য় কোয়ার্টারে বিদ্যুৎ বিলের পরিমাণ ২০,৮৩,১৪৭/-টাকা,সম্পূর্ণ পরিশোধ করা হয়েছে। ৪র্থ কোয়ার্টারে বিদ্যুৎ বিলের পরিমাণ ২৩০৬২২৬/-টাকা, সম্পূর্ণ পরিশোধিত রয়েছে। পরিশোধের হার ১০০%।<br><br>***টেলিফোন বিল:** টেলিফোন বিল পরিশোধ করা নিয়ে আলোচনার শুরুতেই সভাকে জানানো হয় যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ১ম কোয়ার্টারে টেলিফোন বিলের পরিমাণ ৪,২০৬/-টাকা সম্পূর্ণ পরিশোধ করা হয়েছে, ২য় কোয়ার্টারে টেলিফোন বিলের পরিমাণ ১১,২২০/-টাকা সম্পূর্ণ পরিশোধ করা হয়েছে, ৩য় কোয়ার্টারে টেলিফোন বিলের পরিমাণ ৫০৮৬/-টাকা যা অপরিশোধি, ৪র্থ কোয়ার্টারে টেলিফোন বিলের পরিমাণ ০০/-টাকা যা অপরিশোধিত। পরিশোধের হার ১০০%।<br><br>***অন্যান্য ঋণ:** সকল সরকারি ঋণ পরিশোধ করার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে, বর্তমানে পৌরসভা কোন প্রতিষ্ঠানের নিকট হতে ঋণ গ্রহন করেন নাই। BMDF সংস্থা থেকে ঋণের কিস্তির সম্পূর্ণ টাকা পরিশোধ করা হয়েছে। পরিশোধের হার ১০০%। | ক. পৌর সভারকর্মকর্তা/কমচারীগণের বেতন-ভাতা নিয়মিত পরিশোধ করার জন্য সুপারিশ করা হল ।<br>খ. নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সুপারিশ করা হল।<br>গ. নিয়মিত টেলিফোন বিল পরিশোধ করার জন্যসুপারিশ করা হল । | প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩০ দিন |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়ঃ-২১ স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদ অবচয় তহবিল হিসাব প্রবর্তন করা। | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন করার বিষয়ে আলোচনা কালে সভাকে জানানো হয় যে, পৌরসভার স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করা চলমান আছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরে সর্বশেষ তথ্য অনুযায়ী মোট নিজস্ব ভূমির পরিমাণ ১০.৫ একর, পৌর ভবন ০২টা, দোকান সংখ্যা ৯০টি, যানবাহন সংখ্যা ০০টি, জীপ গাড়ী ০৩টা, গার্বেজ ০৬টা, রোলার ০৪টা, ভ্যাকুয়াম ক্লিনার ০১টা. বৈদ্যুতিক লিপ্ট ০১টা), | ক. স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশলী/প্রশাসনিক কর্মকর্তা/স্টোর কীপার | প্রতি বছর |
| বিষয়:-২২ ২৫% বার্ষিক বাজেটের বিধানসহ জেন্ডার সংবেদনশীল বার্ষিক (O&M) পরিকল্পনা প্রস্তত করা। | বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও ব্যয় বিষয়ে আলোচনাকালে উপ-সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে O&M পরিকল্পনা বাস্তবায়নের জন্য রাজস্ব বাজেটের ২৫% বাবদ ৩,৫৩,০০,০০০/- টাকা বরাদ্ধ রাখা হয়েছে। এ ছাড়াও তিনি অত্র সভায় বলেন O&M কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ০১ বছর মেয়াদী কর্মপরিকল্পনা প্রনয়ণ করা হয়েছে। কর্মপরিকল্পনা সভায় তুলে ধরেন। সভায় TLCC সদস্যবৃন্দ কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করে সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। উক্ত কর্মপরিকল্পনাটি পৌর পরিষদে অনুমোনের জন্য ২৫/০৯/২০২৪ তারিখের সভায় উত্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২০২৫-২০২৬ অর্থ বছরে পৌরসভার রাজস্ব ও উন্নয়ন বাজেট হতে O&M কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন খাতে ১ম কোয়ার্টারে মোট ৫৬,২৪,৫০৮/-টাকা ব্যয় করা হয়েছে।<br>আলোচনায় অংশ নিয়ে TLCC -র সদস্য জনাব মোঃ আবুল হোসেন, জনাব মোঃ সিরাজুল ইসলাম মনি বলেন যে, উন্নয়ন কাজের গতি বৃদ্ধি সহ টেকসই উন্নয়ন এবং নতুন অর্থ বছরে নতুন উন্নয়ন পরিকল্পনা গ্রহনের আহবান জানান এবং সে সাথে বাস-টার্মিনাল আধুনিকীকরণ জরুরী। এছাড়া পাকা রাস্তা নির্মাণ করার প্রস্তাব দেন এবং কাজের গতি বাড়ানোর পরামর্শ দেন। | ক. উন্নয়ন কার্যক্রম সঠিক বাস্তবায়ন এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করেপ্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়েপ্রেরণ করাসহ পৌরসভার ওয়েব সাইটে প্রদর্শন করা।<br>খ. ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য বরাদ্দকৃত অর্থ হতে প্রয়োজন মাফিক ব্যয় করার সুপারিশ করাহল।<br>গ. পৌরসভার ড্রেনেজ ব্যবস্থার সম্প্রসারণ ও নিয়মিত পরিষ্কার রাখার উপর জোর দেয়া হয়। | প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী | ৩ মাস |
| বিষয়-২৩ অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য Mobile MaintenanceTeam (MMT) কার্যকর রাখা। | জরুরী মোবাইল মেইনটেনেন্স (MMT) বিষয়ে আলোচনাকালে সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, কার্যক্রম কর্মপরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। জরুরী মোবাইল মেইনটেনেন্স জন্য ২০২৫-২০২৬ অর্থ বছরে ১৪,২০,০০০/- টাকা বাজেট বরাদ্দ আছে। তার মধ্যে ১ম কোয়ার্টারে ব্যয় ০০/- টাকা।<br>আলোচনায় অংশ নিয়ে TLCC-এর সদস্য জনাব মো ঃ সিরাজুল ইসলাম মনি, জনাব মোঃ হামিদুর রহমান বলেন-আমাদের টেকশই উন্নয়ন করতে হবে। জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্থ রাস্তা সমুহ সংস্কার করা এবং ড্রেনের উপর স্লাব নির্মাণ করার পুণরায় অনুরোধ করেন এবং প্রকল্পের কাজের গুনগত মান ভালো থাকায় সন্তোষ প্রকাশ করেন। | ক. ২০২৫-২০২৬অর্থ বছরে এই খাতে বরাদ্দকৃত অর্থ পরিকল্পনা অনুযায়ী ব্যয় করার সুপারিশ করা হল।<br>খ. অপারেশন ও রক্ষণাবেক্ষণ (O&M) পরিকল্পনা হালনাগাদ ও চলমান রাখা।<br>গ. ত্রৈমাসিক ভিত্তিতে ব্যয়ের অনুপাত বজায় রাখা। | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-২৪ রাস্তা ও ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ বিষয়ক আলোচনা। | ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনাকালে কঞ্জারভেন্সী পরিদর্শক সভাকে জানান যে, ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষন কার্যক্রম কর্ম পরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষনের জন্য ২০২৫-২০২৬ অর্থ বছরে ১,০৩,৫৫,০০০/-টাকাবাজেট বরাদ্দ আছে। ১ম কোয়ার্টারে ব্যয় করা হয়েছে ১৬,৮২,৮০০/-টাকা।<br>TLCC-র অন্যতম সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম মনি, ও জনাব সেলীমুল হাবিব বলেন- ড্রেনের উপর স্লাব না থাকায় ড্রেনের ভিতর মাটি, আবর্জনা ফেলা এবং প্রায়ই ছোটখাট দুর্ঘটনা ঘটছে। আবর্জনা ফেলায় ড্রেনের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী বলেন যে, আপনাদের সহযোগীতায় ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ কর্ম-পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে। তিনি আরও বলেন বাজেট বরাদ্দ অনুযায়ী ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষন কাজে আরো গতিশীল করা হবে এবং সরকারী বরাদ্দ পাওয়া গেলে ড্রেনের উপর স্লাব স্থাপনের কাজ করা হবে। | ক. ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ আরো জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>খ. ড্রেনের উপর স্লাব স্থাপন ২০২৫-২০২৬ অর্থবছরে সরকারী অর্থ প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।<br>গ. ক্রাশ প্রেগ্রামের মাধ্যমে শহরের মাস্টার ড্রেন গুলি দ্রুত পরিষ্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সুপারিশ করা হল।<br>ঘ. ২০২৫-২০২৬অর্থ বছরে এই খাতে বরাদ্দকৃত অর্থ ১০০% ব্যয় করার সুপারিশ করা হল। | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/কঞ্জারভেন্সী পরিদর্শক | ৩ মাস |
| বিষয়:-২৫ সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি (IIT) ব্যবহার করা (সূত্রঃ পৌরসভা আইন/২০০৯-এর ৫৪ ধারা)। | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় যে, অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন করা ও বিতরন করা চলমান আছে। বর্তমানে এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার, পৌরকর, পানি সরবরাহ কর. ট্রেডলাইসেন্স ও ডিজিটাল সেন্টার চলমান আছে। চুয়াডাঙ্গা পৌরসভার ওয়েবসাইট খোলা হয়েছে যাহার ঠিকানা নিম্নরুপ যেমন- www.chuadangapouroshava.org. বর্ণিত ওয়েব সাইটে পৌরসভার সকল তথ্য সন্নিবেশিত আছে। | ক. অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন ও বিতরন অব্যাহত রাখা।<br>খ. পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করার কাজ চলমান রাখা । | পৌর নির্বাহী কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ৩ মাস |
| বিষয়-২৬ বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা। | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনাকালে কঞ্জারভেন্সী পরিদর্শক সভাকে জানান যে, বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। সভাকে আরো অবগত করা হয় যে, নিয়মিত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য ২০২৫-২০২৬ অর্থ বছরে ১,১৩,৫৫,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। ১ম কোয়ার্টারে ব্যয় হয়েছে ২২,৫৪,৬৬৮/- টাকা।<br>সলিড ওয়েষ্ট ডিসপোজাল গ্রাউন্ড উন্নয়নের কাজ ১০০% সম্পন্ন হয়েছে এবং উদ্ভোধনের মাধ্যমে ব্যবহার কার্যক্রম শুরু করা হয়েছে। পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন যে, শহরকে অধিকতর পরিছন্ন রাখার জন্য বাড়ির আবর্জনা অপসারনে হোম সার্ভিস চালু করা হয়েছে। আলোচনায় অংশ নিয়ে TLCC-র সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম মনি বলেন যে, বাড়ির আবর্জনা অপসারনে হোম সার্ভিস চালু করায় প্রশাসক মহোদয়কে ধন্যবাদ দেন এবং এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | ক. বর্জ্য অপসারণে গুরুত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ. মহল্লায়-মহল্লায় বাড়ির ময়লা আবর্জনা সরানোর জন্য প্রয়োজনীয় সংখ্যক ভ্যান সরবরাহ করা ।<br>গ. ২০২৫-২০২৬ অর্থ বছরে এই খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার সুপারিশ করা হয়।<br>ঘ. কার্যক্রম সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় সংখ্যক ভ্যান ও জনবল নিয়োগের সিদ্ধান্ত হয়। | নির্বাহী প্রকৌশলী/ কঞ্জারভেন্সী পরিদর্শক | ৩ মাস |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়-২৭ সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা গ্রহন বিষয়ে আলোচনা। | সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনাকালে সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি/মালামাল ক্রয় এবং ১০০% সড়ক বাতি সচল রাখার বিষয়ে পৌরসভা সচেষ্ট। তবে ১০০% সড়ক বাতি কার্যকর রাখার নিমিত্তে ২০২৫-২০২৬ অর্থ বছরে ৭০,৫০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা আছে। ১ম কোয়ার্টারে ব্যয় হয়েছে ৯,৮৪,৩৬৪/- টাকা,<br>অতঃপর ১০০% সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনাকালে TLCC-র অন্যতম সদস্যজনাব মোঃ সিরাজুল ইসলাম মনি, জনাব আশরাফ বিশ্বাস মিন্টু ও জনাব মোছাঃ পারুলা খাতুন সড়ক বাতির বর্তমান কার্যক্রম সন্তোষ জনক হওয়ায় পৌরসভাকে ধন্যবাদ দেন। তবে প্রত্যেক ওয়ার্ডে কমবেশী বৈদ্যুতিক লাইটের সমস্যা রয়েছে তা দ্রুত সমাধান করার উপর গুরুত্ব আরোপ করেন। | ক. সড়ক বাতি মেরামত ও সচল রাখার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>খ. ২০২৫-২০২৬ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ পরিকল্পনা মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ. ২০২৫-২০২৬অর্থ বছরে এই খাতে বরাদ্দকৃত অর্থ ১০০% ব্যয় করার সুপারিশ করা হয়। | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/সড়ক বাতি পরিদর্শক | ৩ মাস |
| বিষয়-২৮ স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা ও অগ্রগতি বিষয়ক আলোচনা। | স্যানিটেশন কার্যক্রম নিয়ে আলোচনাকালে উপ-সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, পৌরসভা কর্তৃক স্যানিটেশন বিষয়ক যাবতীয় কার্যক্রম অব্যাহত আছে। এজন্য পৌরসভার ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেটে ৫,০০,০০০/-টাকা বরাদ্দ আছে। সভাকে আরো জানানো হয় স্যানিটেশন বিষয়ক কার্যক্রমে ২০২৫-২০২৬ অর্থ বছরে ১ম কোয়ার্টারে ব্যয় হয়েছে ১,৪৩,৮২০/-টাকা,<br>কর্মপরিকল্পনা অনুযায়ী পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত আছে। স্যানিটেশন কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভাধীন সকল গনশৌচাগার, কমিউনিটি টয়লেটসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। TLCC-র সদস্য জনাব মোঃ সিরাজুল ইসলাম মনি, জনাব মাহমুদুল হক পল্টু ও জনাব স্বর্ণালী খাতুন স্যানিটেশন কার্যক্রম বিষয়ে আরো নজর দেয়ার পরামর্শ দেন। | ক. স্যানিটেশন কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>খ. বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় করার সুপারিশ করা হয়।<br>গ. স্যানিটেশন কার্যক্রম বৃদ্ধি করার জন্য সুপারিশ করা হয়। | সেনেটারী ইন্সপেক্টর/ কঞ্জারভেন্সী ইন্সপেক্টর | ৩ মাস |
| বিষয়:-২৯ সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | প্রকল্পের আওতায় পৌরসভার নির্বাচিত প্রতিনিধি, পৌর নির্বাহী কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী, হিসাব রক্ষণ কর্মকর্তা, সমাজ উন্নয়ন কর্মকর্তা, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, কর আদায়কারী, লাইসেন্স পরিদর্শক, সহকারী এ্যাসেসরদেরকে প্রশিক্ষণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(খ) ইতোমধ্যে ইং ১১/১১/২০২৫ তারিখের চুয়াঃ পৌঃ প্রশা-/২০২৫/১২৮১(৫) নং স্মারক পৌরসভার (১৭-২০) গ্রেডের কর্মচারীদের পৌরসভা পরিচালন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং (৬ষ্ঠ-১৬) গ্রেডের কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণের জন্য সিডিউল তৈরী করা হয়েছে। অধিকন্তু পৌরসভার কর্মকর্তা কর্মচারীগণের জন্য বার্ষিক প্রশিক্ষণ কর্মপরিকল্পনাও প্রস্তুত করা হয়েছে। এছাড়াও সভাকে জানানো হয় কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতাবৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের জন্য ২০২৫-২০২৬ অর্থ বছরে ৪,০০,০০০/-(চারলক্ষ) টাকা বাজেটে রয়েছে।<br>অত্র সভায় হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব রিয়াজুল ইসলাম বলেন যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রশিক্ষণ বাবদ ৫২,৫০০/- (বায়ান্ন হাজার পাঁচশত) টাকা ব্যয় করা হয়েছে। | ক. পৌরসভার নিজস্ব অর্থ দিয়ে কর্মকর্তা/কর্মচারীদের অচিরেই প্রশিক্ষণের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রতি বছর |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিবিধঃ<br>ক. আবুল হোসেন পাবলিক লাইব্রেরী (শ্রীমন্ত টাউন হল) নিলাম সংক্রান্ত বিষয়ে আলোচনা:- | TLCC সদস্য জনাব সেলিমুল হাবীব বলেন যে, চুয়াডাঙ্গা পৌরসভার অধীন শ্রীমন্ত টাউন হল ও আবুল হোসেন পাবলিক লাইব্রেরীর জরাজীর্ণ ভবনটির প্রাক্কলিত মূল্য সঠিকভাবে নির্ধারণ করা হয়নি কেন তা জানতে চান। এ ব্যাপারে সহকারী প্রকৌশলী জনাব হাফিজুর রহমান কাওছার বলেন যে, চুয়াডাঙ্গা পৌরসভার অধীন শ্রীমান্ত টাউন হল ও আবুল হোসেন পাবলিক লাইব্রেরী বহুতল ভবন নির্মাণের জন্য (UGIIP-III) প্রকল্প কর্তৃক অনুমোদিত হলে ১৩/০৭/২০২০ তারিখে (স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২০/৫৯০) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গাকে সার্ভে রিপোর্ট ও বুকভ্যালু নির্ধারনের জন্য পত্র প্রেরণ করেন। সে আলোকে উক্ত কার্যালয় গত ১০/০৯/২০২০ তারিখে বিস্তারিত সার্ভে রিপোর্টি ও প্রাক্কলিত মূল্যসহ ০৭ পাতার প্রতিবেদন দাখিল করেন। চুয়াডাঙ্গা পৌরসভা কর্তৃক গত ০৮/০৩/২০২১ তারিখে (স্মারক ৩/৭-২০১৮/২০২১/৩১৫) জরাজীর্ণ শ্রীমন্ত টাউন হল ও আবুল হোসেন পাবলিক লাইব্রেরীটি পরিত্যাক্ত ঘোষণার জন্য জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মহোদয়কে পত্র প্রেরণ করেন। জেলা প্রশাসক কার্যালয় হতে গত ১৯-০৮-২০২১ইং তারিখে গণপূর্ত বিভাগকে প্রাক্কলন নির্ধারন ও প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করেন। সে আলোকে গণপূর্ত বিভাগ ২৩-০৮-২০২১ইং তারিখে পরিত্যাক্ত ঘোষণার নিমিত্ত প্রাক্কলন ও প্রতিবেদন প্রণয়ন পূর্বক দাখিল করেন। এছাড়া জেলা প্রশাসক কার্যালয় হতে তৎকালীন উপ-পরিচালক স্থানীয় সরকার বিভাগের নেতৃত্বে ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে সরোজমিনে তদন্ত পূর্বক প্রতিদন দাখিল করেন এবং গণপূর্ত বিভাগ কর্তৃক দাখিলকৃত প্রাক্কলিত মূল্য অনুমোদনের সুপারিশ করেন। মূল্য নিম্নরুপ:- মোট মূল্য ৫,৭০,০৪৫.৩৪ টাকা, অপসারণ বাবদ খরচ ৩,২৭,৮৭০.৭০ টাকা, অবশিষ্ট ২,৪২,১৭৪.৪৬ টাকা কোষাগারে জমা থাকবে মর্মে জানান। জেলা প্রশাসকের কার্যালয় গত ২৫/০৮/২০২১ তারিখ জেলা প্রশাসকের সভাপতিত্বে কমডেমনেশন কমিটির সভায় ভবনটি পরিত্যক্ত ঘোষণা করার সিদ্ধান্ত গ্রহণ পূর্বক স্থানীয় সরকার মন্ত্রণালয়ে সুপারিশ প্রেরণ করলে তা অনুমোদন করেন। এ ক্ষেত্রে মূল্য নির্ধারনে পৌরসভার কোন সম্পৃক্ততা ছিল না। | ক. আবুল হোসেন পাবলিক লাইব্রেরী ও শ্রীমন্ত টাউন হল পরিত্যাক্ত ঘোষনার নিমিত্ত প্রাক্কলন এর প্রতিবেদন পরবর্তি সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহতি হয়। | প্রশাসক/পৌর পরিষদ/ কর্মকর্তা/কর্মচারীবৃন্দ | ৩ মাস |
| খ. মশা ও পরিছন্ন কার্যক্রম ত্বরান্বিত করা বিষয়ে আলোচনা:- | *TLCCসদস্য জনাব সিরাজুল ইসলাম মনি বলেন যে, বেলগাছী এলাকার গুরুত্বপূর্ণ স্থান সমূহে মশা নিধন ও ঝোপ-ঝাড় পরিষ্কার করা প্রয়োজন। এছাড়া কলেজ রোড হতে ডিজিটাল মোড় পর্যন্ত রাস্তাটি সংস্কার করতে হবে এবং ৯টি ওর্য়াডে ৯টি ভ্যান দিয়ে বাড়ী বাড়ী হতে ময়লা সংগ্রহ করার ব্যবস্থা করতে হবে। কেদারগঞ্জ বাজারের শেড বরাদ্দের বিষয়টি জানতে চান। কেদারগঞ্জ বাজারের শেড বরাদ্দের বিষয়ে বাজার পরিদর্শক জনাব নার্গিস জাহান জানান যে, নির্মাণাধীন শেঠটির আংশিক কাজ বাকী থাকায় হস্তান্তর প্রক্রিয়া সম্পূর্ণ হয়নি। সেডটির হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হলে দ্রুত বরাদ্দ প্রদান করা হবে। এছাড়া TLCC সদস্য জনাব মাহমুদুল হক পল্টু ওয়ার্ড ভিত্তিক ডাস্টবিন প্রদানের প্রস্তাব করেন। | খ. প্রত্যেক ওয়ার্ডের ড্রেন পরিষ্কার করাসহ মশক নিধনের কার্যক্রম অব্যাহত আছে। মশক নিধনে পৌরসভার সকল রাস্তাঘাট, শহরসহ প্রত্যেকটি ড্রেন কমিটি করে ক্রাশ প্রোগ্রাম নিয়ে পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়েছে এবং এধারা অব্যাহত আছে। তবে পৌর নাগরিকদের আরো বেশি দায়িত্বশীল আচরণ প্রয়োজন। ভ্যান রাখার শেডটির প্রাক্কলন প্রস্তুত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | | |

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | কার্যকাল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| গ. আবুল হোসেন পাবলিক লাইব্রেরীর জন্য একটি ফ্লোর বরাদ্দ বিষয়ে আলোচনা:- | * TLCC সদস্য জনাব প্রফেসর সিদ্দিকুর রহমান বলেন যে, শ্রীমন্ত টাউন হলে অবস্থিত আবুল হোসেন পাবলিক লাইব্রেরীতে বর্তমানে পাঠকদের পড়ালেখার কোন পরিবেশ নাই এবং সংরক্ষণের অভাবে অনেক গুরুত্বপূর্ণ বই নষ্ট হয়ে যাচ্ছে। এ বিষয়ে পৌরসভার করণীয় কি জানতে চাইলে পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন যে, পূর্ববর্তী দায়িত্বশীলগণের ত্রুটির কারণে এ সমস্যার সৃষ্টি হয়েছে। এছাড়া জেলা প্রশাসক মহোদয়ের নিকট এবিষয়ে একটি অভিযোগ দায়ের করা আছে যা তদন্তাধীন। লাইব্রেরীটি তৃতীয় তলায় স্থানান্তর করে পাঠপোযোগী পরিবেশ নিশ্চিত করার বিষয়ে আলোচনা করেন। এছাড়া বর্ণিত অডিটরিয়াম ভবনটির পুন:সংস্কার তথা দেওয়ালের গ্লাস সংস্কার পূর্বক প্রতিস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। | গ. অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসিটি কর্তৃক তদন্তাধীন। এবিষয়ে সমাধান করার জন্যই ১৭/১১/২৫ তারিখে সচেতন নাগরিক গোষ্ঠীর সমন্বয়ে এ বিষয়ে আলোচনা করে আবুল হোসেন স্মৃতি পাঠাগার জনগনের জন্য আরো যুগপোযোগী ও পাঠ পরিবেশ উন্নয়নপূর্বক আধুনিক করণের জন্য সভা আহবান করা হয়। কিন্তু বর্ণিত তারিখে অনিবার্য কারনবশত সভাটি আয়োজন করা সম্ভব হয়নি। জানুয়ায়ী/২৬ মাসের মধ্যে সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। | | |
| ঘ. কেন্দ্রিয় বাস টার্মিনালটি সংস্কার, রেল ওভার পাসের দুই পাশের রাস্তা সংস্কার, গুরুত্বপূর্ণ রাস্তা ও ড্রেন মেরামত বিষয়ে আলোচনা:- | TLCC সদস্য জনাব সিরাজুল ইসলাম মনি বলেন যে, চুয়াডাঙ্গা পৌরসভার কেন্দ্রিয় বাস টার্মিনালটির চারিদিকে লাইটের ব্যবস্থা করতে হবে এবং পাবলিক টয়লেটটি দ্রুত মেরামত করা প্রয়োজন। TLCC এর অপর সদস্য জনাব হোসাইন মালিক বলেন রেল ওভার পাসের দুই পাশের রাস্তা জরাজীর্ণ থাকায় যান চলাচল বিঘ্নিত হচ্ছে মর্মে জানালে সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার সড়ক ও জনপথ বিভাগে পত্র প্রেরণের নির্দেশনা দেন। TLCC এর অপর সদস্য জনাব এ্যাড. আহসান আলী বলেন সদর হাসপাতল রোড হতে গুলশান পাড়ার পলাশপাড়া রোড পর্যন্ত রাস্তা সংস্কার করা এবং আশাপাশের ড্রেন সমূহ পরিষ্কার করাসহ ড্রেনের উপর স্লাব বসানোর উদ্যোগ গ্রহন করতে হবে। এছাড়া মাথাভাঙ্গা নদীর দুষনরোধ কল্পে ২৮টি পয়েন্টে প্লাস্টিক ও ময়লা অপসারণ যোগ্য লোহার গেইট নির্মাণ সহ পুরাতন গেইটগুলোর সংস্কারের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ঘ. চুয়াডাঙ্গা পৌরসভার কেন্দ্রিয় বাস টার্মিনালটির চারিদিকে লাইটের ব্যবস্থা করা, ইতিমধ্যে ০৫/১১/২০২৫ তারিখের স্মারক নং-চুয়াঃ পৌঃ প্রশা-/২০২৫/১২৬৩(৬) তে বর্ণিত ওভারপাসের উভয় পার্শ্বে সাময়িক ভাবে চলাচল উপযোগী করা এবং দ্রুত কাজ সম্পাদনের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগকে পত্র প্রেরণ করা হয়। বর্তমানে চলাচল উপযোগী করার কাজ চলমান আছে। সদর হাসপাতল রোড হতে গুলশান পাড়ার পলাশপাড়া রোড পর্যন্ত রাস্তা সংস্কার করাসহ আশাপাশের ড্রেন সমূহ পরিষ্কার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | | |

সম্মানিত সভাপতি ও পৌর প্রশাসক মহোদয় সভায় উপস্থিত TLCC-র সদস্যদের ধন্যবাদসহ সবাইকে পৌরসভার উন্নয়নের স্বার্থে পৌরকর আদায়ের জন্য সকলে এগিয়ে আসা এবং উন্নয়নের অংশীদার হওয়ার আহব্বান জানান। অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩০/১২/২০২৫

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং- চুয়াঃ/পৌঃ/TLCC-৩/৪-২০১৮/২০২৫/১৪২৫ (৫০)

তারিখ ঃ ৩০-১২-২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP), এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, ঢাকা-১২০৭
৩। জনাব.......................................................................................................সদস্য, TLCC, চুয়াডাঙ্গা পৌরসভা
৪। অফিস কপি, চুয়াডাঙ্গা পৌরসভা।

৩০/১২/২০২৫

প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা